# পানি সম্পদ পরিকল্পনা সংস্থার পরিচালনা বোর্ডের ৬ষ্ঠ সভার কার্যবিবরণী

পানি সম্পদ পরিকল্পনা সংস্থার পরিচালনা বোর্ডের ৬ষ্ঠ সভা গত ২৮-০৬-২০০৬ তারিখ সকাল ১১:০০ টায় পানি সম্পদ পরিকল্পনা সংস্থা (ওয়ারপো)'র সভা কক্ষে অনুষ্ঠিত হয়। সভায় সভাপতিত্ব করেন পানি সম্পদ মন্ত্রণালয়ের মন্ত্রী ও পানি সম্পদ পরিকল্পনা সংস্থার পরিচালনা বোর্ডের চেয়ারম্যান হাফিজ উদ্দিন আহমদ, বীর বিক্রম।

সভায় উপস্থিত সদস্যগণের তালিকা সংযুক্তি 'ক' তে দেখান হলো।

২। সভার শুরুতে সভাপতি উপস্থিত সকল সদস্যকে শুভেচ্ছা জানিয়ে সভার কাজ আরম্ভ করেন। তিনি সদস্য-সচিবকে সভার আলোচ্য সূচী অনুযায়ী বিষয়সমূহ উপস্থাপনের আহবান জানান। জনাব এইচ, এস, মোজাদ্দাদ ফারুক, মহাপরিচালক, ওয়ারপো ও পরিচালনা বোর্ড এর সদস্য-সচিব সভাপতির নির্দেশমত সভার কার্যপত্র অনুযায়ী আলোচ্য বিষয়সমূহ উপস্থাপন করেন। সভায় আলোচনার ক্রমানুযায়ী আলোচনা ও সিদ্ধান্তসমূহ নিম্নে উপস্থাপিত হলো ঃ

৩। **আলোচ্য বিষয় নং ১ ঃ পরিচালনা বোর্ডের ৫ম সভার কার্যবিবরণী অনুমোদন**

৩.১ বিগত ২১-১১-২০০৫ তারিখে অনুষ্ঠিত পরিচালনা বোর্ডের ৫ম সভার কার্যবিবরণী অনুমোদনের জন্য বোর্ডের সদস্য-সচিব প্রস্তাব করলে সভাপতি উপস্থিত সদস্যবৃন্দকে এ প্রস্তাবের উপর মতামত প্রদানের আহবান জানান। উপস্থিত সদস্যবৃন্দ কার্যবিবরণী সঠিকভাবে লিপিবদ্ধ হয়েছে মর্মে একমত প্রকাশ করেন।

সিদ্ধান্তঃ পরিচালনা বোর্ডের ৫ম সভার কার্যবিবরণী অনুমোদিত।

৪। **আলোচ্য বিষয় নং ২ ঃ পরিচালনা বোর্ডের ৫ম সভায় গৃহীত সিদ্ধান্তসমূহ বাস্তবায়ন প্রতিবেদন**

৪.১ বোর্ডের সদস্য-সচিব বোর্ডের ৫ম সভার সিদ্ধান্ত ও তার বাস্তবায়ন প্রতিবেদন উপস্থাপন করেন। বোর্ডের সদস্যবৃন্দ ৫ম বোর্ড সভার সিদ্ধান্ত বাস্তবায়নে ওয়ারপো'র ভূমিকায় সন্তোষ প্রকাশ করেন।

সিদ্ধান্তঃ **কর্মকর্তা, কর্মচারীদের জীবন বীমার প্রিমিয়াম সংস্থাপন বাজেট থেকে পরিশোধের বিষয়টি অর্থ মন্ত্রণালয়ের নিকট উপস্থাপনের পরবর্তী ব্যবস্থা গ্রহণ করতে হবে।**

৫। **আলোচ্য বিষয় নং ৩ ঃ ওয়ারপো'র ১ম ও ২য় শ্রেণীর কর্মকর্তাগণের পদোন্নতির নির্দেশনা অনুমোদন**

সদস্য-সচিব সভাকে অবহিত করেন যে, বিগত ৫ম বোর্ড সভায় ওয়ারপো'র প্রথম ও দ্বিতীয় শ্রেণীর পদে পদোন্নতির জন্য প্রণীত "পদোন্নতি নির্দেশনাটির" উপর পর্যালোচনা ও মতামত প্রদানের জন্য সদস্য (কৃষি, পানি সম্পদ ও পল্লী প্রতিষ্ঠান বিভাগ), পরিকল্পনা কমিশনকে

C:\MNS\BoG_WARPO\Board of Governors_6th meeting_minutes.doc

আহবায়ক করে তিন সদস্য বিশিষ্ট একটি কমিটি গঠন করা হয়। বিগত ২২-০৪-২০০৬ তারিখে অনুষ্ঠিত সভায় কমিটি নির্দেশনাটির পুঙ্খানুপুঙ্খ পর্যালোচনা করে নিম্নে বর্ণিত সুপারিশ প্রণয়ন করে -

"(১) নির্দেশনা বিষয়গুলো প্রবিধানে অন্তর্ভূক্ত করতে হবে। ওয়ারপো এই বিষয়ে প্রবিধান সংশোধনের ব্যবস্থা গ্রহণ করবে।

(২) নির্দেশনার স্বাস্থ্য বিষয়ক "জ" অনুচ্ছেদ বাদ দিয়ে নির্দেশনাটি সংশোধন করতে হবে।

(৩) পরিচালনা বোর্ডের অনুমোদনক্রমে পানি সম্পদ পরিকল্পনা সংস্থা'র প্রথম ও দ্বিতীয় শ্রেণীর পদে পদোন্নতির নির্দেশনাটি (সংশোধিত খসড়া) পদোন্নতি কমিটির গাইড লাইন হিসাবে সাময়িকভাবে অনুসরণ করা যেতে পারে।"

মহাপরিচালক, ওয়ারপো জানান যে, সুপারিশের ভিত্তিতে "পদোন্নতি নির্দেশনাটি" সংশোধন করা হয়েছে। উপস্থাপনা শেষে "পদোন্নতি নির্দেশনা" পর্যালোচনার জন্য গঠিত কমিটির আহবায়ক জনাব আলী ইমাম মজুমদার, সদস্য (কৃষি, পানি সম্পদ ও পল্লী প্রতিষ্ঠান বিভাগ) সভাপতির অনুরোধক্রমে পদোন্নতি নীতিমালা সংক্রান্ত প্রতিবেদনের উপর আলোচনা করেন। আলোচনা শেষে কমিটি প্রণীত সুপারিশ অনুযায়ী নিম্নে বর্ণিত সিদ্ধান্তসমূহ গৃহীত হয়।

সিদ্ধান্ত ঃ

(১) ওয়ারপো'র ১ম ও ২য় শ্রেণীর কর্মকর্তাগণের পদোন্নতির সংশোধিত নির্দেশনাটি অনুমোদিত।

(২) পদোন্নতির নির্দেশনার বিষয়গুলো ওয়ারপোর প্রবিধানে অন্তর্ভূক্ত করা হবে। ওয়ারপো এ বিষয়ে প্রবিধান সংশোধনের ব্যবস্থা গ্রহণ করবে।

(৩) পদোন্নতির নির্দেশনাটি সাময়িকভাবে ওয়ারপোর ১ম ও ২য় শ্রেণীর কর্মকর্তাদের পদোন্নতির জন্য পদোন্নতি কমিটির গাইডলাইন হিসাবে অনুসরণ করা হবে।

৬। **আলোচ্য বিষয় নং ৪ ঃ ওয়ারপো'র মহাপরিচালক-কে আর্থিক ক্ষমতা অর্পণ।**

সদস্য-সচিব জানান যে, ওয়ারপো'র কার্যক্রম পরিচালনার জন্য বিভিন্ন ধরণের পূর্তকাজ, পণ্য/মালামাল/ যন্ত্রপাতি/সরঞ্জামাদি ক্রয় এবং পরামর্শক পরিসেবা (কনসালট্যান্সি সার্ভিসেস) গ্রহণের প্রয়োজনীয়তা দেখা দেয়। পানি সম্পদ পরিকল্পনা আইন, ১৯৯২ এর ৫ অনুচ্ছেদ অনুযায়ী সংস্থার পরিচালনা বোর্ডের উপর সংস্থার সাধারণ পরিচালনা ও প্রশাসন ন্যাস্ত। সংস্থা যে সকল ক্ষমতা প্রয়োগ ও কার্যসম্পাদন করতে পারবে পরিচালনা বোর্ড সেই সকল ক্ষমতা প্রয়োগ ও কার্যসম্পাদন করবে। অন্যদিকে আইনের ৮(৪) অনুচ্ছেদ মতে মহাপরিচালক সংস্থার প্রধান নির্বাহী, এবং তিনি সংস্থার প্রশাসন পরিচালনা করবেন। আইনের ১৮ অনুচ্ছেদ অনুযায়ী সুনির্দিষ্ট শর্তে সংস্থা, উহার যে কোন ক্ষমতা বা দায়িত্ব মহাপরিচালক, পরিচালক বা সংস্থার অন্য কোন কর্মকর্তাকে অর্পণ করতে পারবে। তা'ছাড়া Public Procurement Regulation (PPR, 2003) অনুযায়ী সংস্থার "Head of Procurement Entity" হিসাবে সংস্থার প্রধান/মহাপরিচালক-কে বিভিন্ন পূর্ত কাজ, পণ্য ক্রয়/ পরামর্শক পরিসেবা গ্রহণ, ইত্যাদি কার্য সূচারুভাবে সম্পন্ন করার জন্য আর্থিক ক্ষমতা অর্পনের প্রয়োজনীয়তা দেখা দিয়েছে।

এই প্রসঙ্গে সভাপতির অনুরোধক্রমে পানি সম্পদ পরিকল্পনা আইন, ১৯৯২ ও অর্থ মন্ত্রণালয় কর্তৃক জারীকৃত আর্থিক ক্ষমতা প্রদান সংক্রান্ত পরিপত্রটির উপর সচিব, পানি সম্পদ মন্ত্রণালয় আলোচনা করেন। তিনি প্রস্তাবনা অনুযায়ী মহাপরিচালক, ওয়ারপোকে সকল আর্থিক ক্ষমতা প্রদানের পক্ষেও

মতামত দেন। তিনি সংস্থার অন্যান্য কর্মকর্তার আর্থিক ক্ষমতা অর্পন বিষয়ে প্রস্তাব প্রণয়নের পক্ষে মতামত দেন।

আলোচনা শেষে ওয়ারপো'র জন্য বিভিন্ন ধরণের পূর্তকাজ, পণ্য ক্রয়/মালামাল/যন্ত্রপাতি/সরঞ্জামাদি ক্রয় ও পরামর্শক পরিসেবা গ্রহণ ইত্যাদির জন্য পানি সম্পদ পরিকল্পনা আইন, ১৯৯২ এর অনুচ্ছেদ ১৮ অনুযায়ী সংস্থার মহাপরিচালক ও পরিচালক কিংবা অন্য কোন কর্মকর্তার উপর ক্ষমতা অর্পন বিষয়ে নিম্নে বর্ণিত সিদ্ধান্তগুলো গৃহীত হয় ঃ

সিদ্ধান্তঃ

১। পানি সম্পদ পরিকল্পনা আইন, ১৯৯২ এর ১৮ নং ধারা মোতাবেক বিভিণ্ন ধরণের পূর্তকাজ, পণ্য ক্রয়/পরামর্শক পরিসেবা ইত্যাদি কর্মকাণ্ড পরিচালনার চুক্তি অনুমোদনের/সম্পাদনের বিষয়ে সকল আর্থিক ক্ষমতা মহাপরিচালক এর উপর অর্পণ করা হলো।

২। অর্থ মন্ত্রণালয়ের আর্থিক ক্ষমতা প্রদান সংক্রান্ত সাম্প্রতিক পরিপত্র (স্মারক নং-অম/অবি/উঃ বাঃ-১/ বিবিধ-৭৬/০২/৬৮২, তারিখ-১১-০৯-২০০৪) অনুযায়ী ওয়ারপো অনতিবিলম্বে ক্রয় ইত্যাদি সংশ্লিষ্ট সকল স্তরের কর্মকর্তার আর্থিক ক্ষমতা অর্পণ (delegation of financial power) বিষয়ে প্রস্তাব প্রণয়ন করবে।

৭। **আলোচ্য বিষয় নং ৫ ঃ ওয়ারপো'র তহবিল বিধিমালা অনুমোদন**

সদস্য-সচিব সভায় জানান যে পানি সম্পদ পরিকল্পনা আইন, ১৯৯২ এর অনুচ্ছেদ ১২ অনুযায়ী সংস্থার একটি তহবিল থাকবে এবং সরকারী অনুদানসহ অন্য কোন উৎস থেকে প্রাপ্ত দান/অনুদান কিংবা সংস্থা কর্তৃক প্রাপ্ত যে কোন অর্থ সেই তহবিলে জমা থাকবে এবং বিধি দ্বারা নির্ধারিত পদ্ধতিতে তহবিল থেকে সংস্থার প্রয়োজনীয় ব্যয় নির্বাহ কিংবা বিনিয়োগ করবে। তিনি জানান যে বিগত পরিচালনা বোর্ডের ৪র্থ সভায় গৃহীত সিদ্ধান্তের প্রেক্ষিতে একটি খসড়া তহবিল বিধিমালা প্রণীত হয়েছে। খসড়া তহবিল বিধিমালাটি সভায় উপস্থাপিত হয়। বিধিমালার উপর একটি সংক্ষিপ্ত আলোচনা শেষে খসড়াটি পর্যালোচনার জন্য অর্থ মন্ত্রণালয়ে প্রেরণের জন্য নির্দেশ দেওয়া হয়।

**সিদ্ধান্ত ঃ ওয়ারপো কর্তৃক প্রণীত খসড়া তহবিল বিধিমালা পর্যালোচনার জন্য পানি সম্পদ মন্ত্রণালয়ের মাধ্যমে অর্থ মন্ত্রণালয়ে প্রেরণ করা হবে।**

আলোচনার এই পর্যায়ে সদস্য-সচিব সভাপতির অনুমতিক্রমে বিবিধ আলোচ্য বিষয় - ৮ এর অন্তর্ভূক্ত বিষয়গুলো পর্যায়ক্রমে উত্থাপন করেন।

৮। **আলোচ্য বিষয় নং ৮ ঃ**

৮.১ **পানি সম্পদ পরিকল্পনা সংস্থার কারিগরী কমিটিসহ পরিচালনা বোর্ড কর্তৃক গঠিত সকল কমিটির সম্মানীত সদস্যগণের জন্য সম্মানী ভাতা প্রদান।**

পানি সম্পদ পরিকল্পনা আইন, ১৯৯২ এর অনুচ্ছেদ ১১ মোতাবেক সংস্থাকে বিভিন্ন বিষয়ে পর্যালোচনা/ পরামর্শ ও সুপারিশ প্রদানের জন্য পাঁচ সদস্য বিশিষ্ট একটি কারিগরী কমিটি বিদ্যমান। আইন অনুযায়ী

সংস্থার দায়িত্ব পালনে সহায়তার জন্য কারিগরী কমিটি ছাড়াও অন্যান্য কমিটি গঠন করার প্রয়োজনীয়তা দেখা দেয়।

সভায় সদস্য-সচিব “কারিগরী কমিটি” কিংবা পরিচালনা বোর্ড কর্তৃক গঠিত অন্যান্য কমিটির কার্যসম্পাদনের জন্য কমিটির সদস্যগণের সম্মানী ভাতা প্রদানের বিষয়টি উত্থাপন করেন।

উল্লেখ্য যে, পরিচালনা বোর্ডের সদস্যগণকে সভায় কার্যসম্পাদনের জন্য ১৫০০/- টাকা হারে সম্মানী ভাতা প্রদান করার ব্যবস্থা রয়েছে। অনুরূপভাবে কারিগরী কমিটি ও পরিচালনা বোর্ড কর্তৃক গঠিত যে কোন কমিটির প্রতি সভায় সদস্যদেরকে একই হারে অর্থাৎ ১৫০০/- (এক হাজার পাঁচশত) টাকা সম্মানী ভাতা প্রদানের প্রস্তাব করা হয়। আলোচনা শেষে নিম্নে বর্ণিত সিদ্ধান্ত গৃহীত হয়।

সিদ্ধান্তঃ **ওয়ারপো'র কারিগরী কমিটিসহ পরিচালনা বোর্ড কর্তৃক গঠিত যে কোন কমিটির সদস্যগণকে প্রতি সভায় উপস্থিতির জন্য পরিচালনা বোর্ডের সদস্যদের অনুরূপ হারে সম্মানী ভাতা প্রদানের অনুমোদন দেওয়া হলো।**

৮.২ **“ভারত কর্তৃক প্রস্তাবিত আন্তঃবেসিন নদী সংযোগের প্রভাব নিরূপণ” শীর্ষক ওয়ারপো'র প্রস্তাবিত সমীক্ষা প্রকল্প বাস্তবায়নে "Single Source Selection (SSS) - PPR 2003" পদ্ধতি অনুসরণে পরামর্শক নিয়োগ।**

মহাপরিচালক, ওয়ারপো বিষয়টি উপস্থাপন করে সভাকে অবহিত করেন যে, “ভারত কর্তৃক প্রস্তাবিত আন্তঃবেসিন নদী সংযোগের প্রভাব নিরূপণ” শীর্ষক (পিসি-২) সমীক্ষা প্রকল্পটি বিগত ২৭-১২-২০০৫ তারিখে মাননীয় অর্থ ও পরিকল্পনা মন্ত্রী কর্তৃক অনুমোদিত হয়। সমীক্ষা প্রকল্পের পরামর্শক পরিসেবা প্রধান দুইটি প্যাকেজ যথাক্রমে "Water Resources Support/ Mathematical Modelling" এবং "Environmental Support" এ বিভক্ত। প্যাকেজ দুইটি ছাড়াও সকল পরিসেবা সমন্বয় এর জন্য Panel of Expert / Individual Consultant পরিসেবা সংগ্রহের প্রয়োজন রয়েছে। সমীক্ষা প্রকল্পের Water Resources Support প্যাকেজের জন্য স্থানীয়ভাবে অলাভজনক বিশেষজ্ঞ প্রতিষ্ঠান আইডব্লিউএম-কে এবং "Environmental Support" প্যাকেজের জন্য পরিবেশগত প্রতিক্রিয়া নিরূপণ/ GIS-Remote Sensing ও IT প্রযুক্তিতে অলাভজনক বিশেষজ্ঞ প্রতিষ্ঠান সিইজিআইএস-কে "Single Source Selection (SSS) - PPR 2003" পদ্ধতি অনুসরণে পরামর্শক পরিসেবা সংগ্রহের বিষয়টির উপর বিস্তারিত আলোচনা অনুষ্ঠিত হয়।

এই প্রসঙ্গে পরিকল্পনা কমিশন সদস্য, বিএডিসি কর্তৃক আইডব্লিউএমকে SSS পদ্ধতিতে নিয়োগ প্রসঙ্গে আইএমইডি এর মতামত উদ্বৃতি দিয়ে বলেন যে আইডব্লিউএম ছাড়াও বুয়েট কিংবা নদী গবেষণা ইন্‌ষ্টিটিউট থেকে এই পরিসেবা সংগ্রহ করা যেতে পারে। সুতরাং একটি প্রতিষ্ঠানের পরিবর্তে একাধিক সংস্থা থেকে Expression of Interest (EoI) আহবান করা যেতে পারে। সৈয়দ মোহাম্মদ জোবায়ের, সচিব, পানি সম্পদ মন্ত্রণালয় বলেন মডেলিং সাপোর্ট প্যাকেজে নদী গবেষণা ইন্‌ষ্টিটিউট কিংবা বুয়েট এই মূহুর্তে পরিসেবা প্রদানে সক্ষম নাও হতে পারে। তিনি বলেন তাছাড়া Open Bidding এর মাধ্যমে পরামর্শক নিয়োগ হলে সমীক্ষা প্রকল্পের “গোপনীয়তা” বিষয়টি উপেক্ষিত হতে পারে। এই প্রসঙ্গে Pre-ECNEC সভার আলোচনার উদ্বৃতি দিয়ে পরিকল্পনা কমিশনের সদস্য বলেন যদি সমীক্ষা প্রকল্পটির গোপনীয়তার বিষয়টি বিশেষ জরুরী না হয় তবে Open Bidding এর মাধ্যমে

পরামর্শক নিয়োগ করা যেতে পারে। তিনি আরও বলেন যে, PPR - 2003 এর Regulation 47-এ গোপনীয়তা বিষয়ে কোন অনুচ্ছেদ নাই। মহাপরিচালক, ওয়ারপো জানান যে, অনুমোদিত পিসি-২ এ সমীক্ষাটিকে "Restricted" হিসাবে উল্লেখ করা হয়েছে। সমীক্ষাটি স্পর্শকাতর। এ ক্ষেত্রে গোপনীয়তা রক্ষা করা আবশ্যক। এই পর্যায়ে সভাপতি বলেন পরিকল্পনা কমিশনের সদস্যের মতামতের ভিত্তিতে উল্লেখিত অন্যান্য সংস্থার নিকট থেকে EoI আহবান করা যেতে পারে। সেক্ষেত্রে সমীক্ষার গ্রহণ যোগ্যতা বৃদ্ধি পাবে। বিস্তারিত আলোচনা শেষে নিম্নে বর্ণিত সিদ্ধান্ত গৃহীত হয়।

সিদ্ধান্ত ঃ **"ভারত কর্তৃক প্রস্তাবিত আন্তঃবেসিন নদী সংযোগের প্রভাব নিরূপণ" শীর্ষক সমীক্ষা প্রকল্পে পরামর্শক নিয়োগের জন্য নদী গবেষণা ইনষ্টিটিউট, বুয়েট, আইডব্লিউএম ও সিইজিআইএস থেকে EoI আহবান করা হবে।**

আলোচনার এই পর্যায়ে সভাপতি সংসদ অধিবেশনে যোগদানের জন্য সভা ত্যাগ করেন। বিদায়ের আগে তিনি অবশিষ্ট আলোচ্য বিষয়গুলো যথারীতি আলোচনা করার জন্য পরিকল্পনা কমিশনের সদস্যকে সভাপতিত্ব করার জন্য অনুরোধ করেন। পরিকল্পনা কমিশনের সদস্য জনাব আলী ইমাম মজুমদার এর সভাপতিত্বে সভার বাকি অংশ পরিচালিত হয়। সভাপতির পরামর্শক্রমে ওয়ারপো'র মহাপরিচালক বিস্তারিত উপস্থাপনার পরিবর্তে সংক্ষিপ্ত আকারে আলোচ্য বিষয় নং ৬ ও ৭ উপস্থাপন করেন।

৯। **আলোচ্য বিষয় নং - ৬ ঃ "Clearing House Role of WARPO" অনুমোদন।**

**আলোচ্য বিষয় ৭ ঃ ওয়ারপো'র প্রাতিষ্ঠানিক উন্নয়ন পরিকল্পনা (ওডিপি) অনুমোদন।**

মহাপরিচালক, ওয়ারপো জানান যে, "ক্লিয়ারিং হাউজ" বিষয়টি ওয়ারপো'র পূর্ণাঙ্গ "প্রাতিষ্ঠানিক উন্নয়ন পরিকল্পনা (ওডিপি)" এর অংশ। তিনি আরও বলেন যে ওয়ারপো'র কারিগরী কমিটির পরামর্শ অনুযায়ী "ক্লিয়ারিং হাউজ" বিষয়ে পূর্ণাঙ্গ প্রস্তাব "Clearing House Role of WARPO" ডকুমেন্টটির উপর বিভিন্ন সংস্থা ও মন্ত্রণালয়ের লিখিত মতামত ও মতবিনিময় সভার আলোচনার উপর একটি প্রতিবেদন (মতামত ও ওয়ারপোর response এর মেট্রিক্স) প্রস্তুত করা হয়েছে এবং সেই অনুযায়ী ডকুমেন্টটি সংশোধন/হালনাগাদ করা হয়।

উপস্থাপনের শেষে "ক্লিয়ারিং হাউজ" প্রসঙ্গে এক সংক্ষিপ্ত আলোচনায় জনাব আলী ইমাম মজুমদার বলেন যে, জাতীয় পানি নীতি ও এনডব্লিউএমপি অনুযায়ী পরিবেশ অধিদপ্তরের পাশাপাশি পানি সম্পদ খাতের প্রকল্পগুলো যা পানি সম্পদ ব্যবস্থাপনায় প্রতিক্রিয়া সৃষ্টি করতে পারে, সেগুলো ওয়ারপো পর্যালোচনা ও ছাড় (clear) করবে। তিনি উল্লেখ করেন যে বিষয়গুলো অত্যন্ত গুরুত্বপূর্ণ। বোর্ডের সভাপতি মাননীয় পানি সম্পদ মন্ত্রীর উপস্থিতিতে আরও আলোচনাক্রমে সিদ্ধান্ত গ্রহণ করা উচিত।

প্রসঙ্গক্রমে, তিনি বলেন ওয়ারপো "ক্লিয়ারিং হাউজ" কার্যক্রম ব্যাপকভাবে শুরু করার পূর্বে Pilot কার্যক্রম হিসাবে পানি সম্পদ মন্ত্রণালয়ের প্রকল্পসমূহের ছাড় (clear) এর মাধ্যমে দক্ষতা বৃদ্ধির কার্যক্রম শুরু করা যেতে পারে। জনাব আখতার হোসেন খান, সচিব, পরিকল্পনা বিভাগ, পরিকল্পনা মন্ত্রণালয় বলেন পূর্ণাঙ্গ আলোচনার সুবির্ধার্থে "ক্লিয়ারিং হাউজ" ডকুমেন্টের একটি সংক্ষিপ্ত সংস্করণ পরবর্তী আলোচনার জন্য প্রস্তুত করা প্রয়োজন। তিনিও মত প্রকাশ করেন যে, বিষয়টি বোর্ডের সভাপতি মাননীয় পানি সম্পদ মন্ত্রী এবং অন্যান্য সদস্যদের উপস্থিতিতে বিস্তারিত আলোচনার প্রয়োজন।

ওডিপি প্রসঙ্গে এক সংক্ষিপ্ত আলোচনায় সচিব, পানি সম্পদ মন্ত্রণালয় বলেন "ক্লিয়ারিং হাউজ রোল", ওডিপি এর একটি অংশ। ওডিপি বিষয়ে এশীয় উন্নয়ন ব্যাংকসহ অন্যান্য উন্নয়ন সহযোগী প্রতিষ্ঠানসমূহের আগ্রহ রয়েছে। এক প্রশ্নের উত্তরে মহাপরিচালক, ওয়ারপো জানান যে ওডিপি অনুযায়ী বিভিন্ন রোলগুলো বাস্তবায়নের জন্য ওয়ারপো'র বর্তমান লোকবল ৮৭ থেকে ১৬২ জনে উন্নীত করতে হবে। সংক্ষিপ্ত আলোচনা শেষে "ক্লিয়ারিং হাউজ" ও ওডিপি বিষয়ে নিম্নের সিদ্ধান্ত গৃহীত হয়।

সিদ্ধান্ত ঃ **"ক্লিয়ারিং হাউজ" ও ওডিপি বিষয় দুইটি পরবর্তী বোর্ড সভায় উপস্থাপন করা হবে।**

আর কোন আলোচ্য বিষয় না থাকায় সভাপতি সকলকে ধন্যবাদ জানিয়ে সভার কাজ সমাপ্তি ঘোষণা করেন।

২৬/৭/০৬

(হোসাইন শহীদ মোজাদ্দাদ ফারুক)
মহাপরিচালক
ও
সদস্য-সচিব
পরিচালনা বোর্ড
পানি সম্পদ পরিকল্পনা সংস্থা

২৬.৭.০৬

(হাফিজ উদ্দিন আহমদ, বীর বিক্রম)
মন্ত্রী, পানি সম্পদ মন্ত্রণালয়
ও
চেয়ারম্যান
পরিচালনা বোর্ড
পানি সম্পদ পরিকল্পনা সংস্থা

WARPO
পানি সম্পদ পরিকল্পনা সংস্থা

Water Resources Planning Organisation
Ministry of Water Resources
House No. 103, Road No. 01
Banani, Dhaka-1213, Bangladesh
E-mail: dg_warpo@bangla.net
Tel: 8814554, 8814556, 8814217
Fax: 88 02 9883456
WEB: www.warpo.gov.bd

স্মারক নং-ওয়ারপো/ডব্লিউ-২২/২০০১/১৮৫২(১০) তারিখ-১৪-০৬-২০০৬

# বিজ্ঞপ্তি

পানি সম্পদ পরিকল্পনা সংস্থার পরিচালনা বোর্ডের ৬ষ্ঠ সভা আগামী ২৮/০৬/২০০৬ তারিখ বেলা ১১:০০ ঘটিকায় পানি সম্পদ পরিকল্পনা সংস্থার সভা কক্ষে (বাড়ী নং-১০৩, সড়ক নং-১, বনানী, ঢাকা ৩য় তলা) আহবান করা হয়েছে। মাননীয় মন্ত্রী, পানি সম্পদ মন্ত্রণালয় ও চেয়ারম্যান, পরিচালনা বোর্ড উক্ত সভায় সভাপতিত্ব করবেন। পরিচালনা বোর্ডের সম্মানিত সদস্যগণকে উক্ত সভায় উপস্থিত থাকার জন্য অনুরোধ করা হল।

সভার আলোচ্যসূচী নিম্নরূপ ঃ

১. পরিচালনা বোর্ডের ৫ম সভার কার্যবিবরণী অনুমোদন
২. পরিচালনা বোর্ডের ৫ম সভায় গৃহীত সিদ্ধান্তসমূহ বাস্তবায়ন প্রতিবেদন
৩. ওয়ারপো'র ১ম ও ২য় শ্রেণীর কর্মকর্তাগণের পদোন্নতির নির্দেশনা অনুমোদন
৪. ওয়ারপো'র মহাপরিচালক-কে আর্থিক ক্ষমতা অর্পন
৫. ওয়ারপো'র তহবিল বিধিমালা অনুমোদন
৬. Clearing House Role of WARPO এর অনুমোদন
৭. ওয়ারপো'র প্রাতিষ্ঠানিক উন্নয়ন পরিকল্পনা (Organizational Development Plan, ODP) অনুমোদন
৮. বিবিধ

সংযুক্তি ঃ সভার কার্যপত্র।

২৮/০৬/০৬

(হোসাইন শহীদ মোজাদ্দাদ ফারুক)
মহাপরিচালক
ও
সদস্য-সচিব
ওয়ারপো পরিচালনা বোর্ড

বিতরণঃ (জৈষ্ঠতার ভিত্তিতে নয়)

১. জনাব হাফিজ উদ্দিন আহমদ, বী.বি, মাননীয় মন্ত্রী, পানি সম্পদ মন্ত্রণালয়, গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার ও চেয়ারম্যান, ওয়ারপো পরিচালনা বোর্ড
২. জনাব আলী ইমাম মজুমদার, সদস্য (কৃষি, পানি সম্পদ ও পল্লী প্রতিষ্ঠান বিভাগ), পরিকল্পনা কমিশন, গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার ও ভাইস-চেয়ারম্যান, ওয়ারপো পরিচালনা বোর্ড
৩. জনাব সৈয়দ মোহাম্মদ জোবায়ের, সচিব, পানি সম্পদ মন্ত্রণালয়, গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার ও সদস্য, ওয়ারপো পরিচালনা বোর্ড
৪. জনাব কাজী আবুল কাশেম, সচিব, কৃষি মন্ত্রণালয়, গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার ও সদস্য, ওয়ারপো পরিচালনা বোর্ড
৫. জনাব এস.এম. জহরুল ইসলাম, সচিব, স্থানীয় সরকার বিভাগ, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার ও সদস্য, ওয়ারপো পরিচালনা বোর্ড
৬. জনাব মোঃ শফিকুল ইসলাম, সচিব, যোগাযোগ মন্ত্রণালয়, গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার ও সদস্য, ওয়ারপো পরিচালনা বোর্ড
৭. জনাব আখ্তার হোসেন খান, সচিব, পরিকল্পনা বিভাগ, পরিকল্পনা মন্ত্রণালয়, গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার ও সদস্য, ওয়ারপো পরিচালনা বোর্ড
৮. জনাব জাফর আহম্মেদ চৌধুরী, সচিব, বন ও পরিবেশ মন্ত্রণালয়, গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার ও সদস্য, ওয়ারপো পরিচালনা বোর্ড
৯. জনাব রফিকুল ইসলাম, সচিব, নৌ-পরিবহন মন্ত্রণালয়, গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার ও সদস্য, ওয়ারপো পরিচালনা বোর্ড
১০. জনাব হোসাইন শহীদ মোজাদ্দাদ ফারুক, মহাপরিচালক, ওয়ারপো ও সদস্য-সচিব, ওয়ারপো পরিচালনা বোর্ড

# পানি সম্পদ পরিকল্পনা সংস্থার পরিচালনা বোর্ডের ৬ষ্ঠ সভার কার্যপত্র

| | | |
|---|---|---|
| সভার তারিখ | ঃ | ২৮/০৬/২০০৬ |
| সময় | ঃ | সকাল ১১ঃ০০ ঘটিকায় |
| স্থান | ঃ | ওয়ারপোর সম্মেলন কক্ষ |

ভূমিকা ঃ

পানি সম্পদ পরিকল্পনা সংস্থা (ওয়ারপো) ১৯৯২ সালের ১২নং আইন দ্বারা প্রতিষ্ঠিত সামষ্টিক পানি সম্পদ ব্যবস্থাপনা ও পরিকল্পনা প্রণয়নের একমাত্র সংস্থা। এ সংস্থার কার্যক্রম ১৩ সদস্য বিশিষ্ট একটি পরিচালনা বোর্ড এর মাধ্যমে পরিচালিত হয়। বিগত ২১-১১-২০০৫ইং তারিখ ওয়ারপো'র পরিচালনা বোর্ডের ৫ম সভা অনুষ্ঠিত হয়। পানি সম্পদ পরিকল্পনা সংস্থার পরিচালনা বোর্ডের ৬ষ্ঠ সভার আলোচ্যসূচী নিম্নে উপস্থার্পন করা হল।

আলোচ্য বিষয়সমূহ ঃ

১. পরিচালনা বোর্ডের ৫ম সভার কার্যবিবরণী অনুমোদন
২. পরিচালনা বোর্ডের ৫ম সভায় গৃহীত সিদ্ধান্তসমূহ বাস্তবায়ন প্রতিবেদন
৩. ওয়ারপো'র ১ম ও ২য় শ্রেণীর কর্মকর্তাগণের পদোন্নতির নির্দেশনা অনুমোদন
৪. ওয়ারপো'র মহাপরিচালক-কে আর্থিক ক্ষমতা অর্পন
৫. ওয়ারপো'র তহবিল বিধিমালা অনুমোদন
৬. Clearing House Role of WARPO এর অনুমোদন
৭. ওয়ারপো'র প্রাতিষ্ঠানিক উন্নয়ন পরিকল্পনা (Organizational Development Plan, ODP) অনুমোদন
৮. বিবিধ

২। আলোচ্য বিষয় - ১ ঃ পরিচালনা বোর্ডের ৫ম সভার কার্যবিবরণী অনুমোদন।

বিগত ২১-১১-২০০৫ইং তারিখে অনুষ্ঠিত ওয়ারপো পরিচালনা বোর্ডের ৫ম সভার কার্যবিবরণী সদয় অনুমোদনের জন্য উত্থাপন করা হল (সংযুক্তি-১, পৃষ্ঠা ৬ - ১০)।

কাঙ্খিত সিদ্ধান্ত ঃ পরিচালনা বোর্ডের ৫ম সভার কার্যবিবরণীর অনুমোদন।

৩। আলোচ্য বিষয় - ২ ঃ পরিচালনা বোর্ডের ৫ম সভায় সিদ্ধান্তসমূহ প্রতিপালন বিবরণী

পরিচালনা বোর্ডের ৫ম সভায় গৃহীত সিদ্ধান্তের বাস্তবায়ন অগ্রগতির একটি প্রতিবেদন সভায় সদয় অবগতির জন্য উত্থাপন করা হল (সংযুক্তি-২, পৃষ্ঠা ১১ - ১২)।

৪। আলোচ্য বিষয় - ৩ ঃ ওয়ারপো'র প্রথম ও দ্বিতীয় শ্রেণীর কর্মকর্তাগণের পদোন্নতির নির্দেশনা অনুমোদন

কর্মকর্তাগণের পদোন্নতির বিষয়ে ওয়ারপো থেকে একটি খসড়া পদোন্নতি নীতিমালা প্রস্তুত করে অনুমোদনের জন্য পানি সম্পদ মন্ত্রণালয়ে প্রেরণ করা হয় (স্মারক নং-ওয়ারপো/ই-০০৯/৯৫(অংশ-২)/৯৬৯৬১৯ তারিখ ১১/০৬/২০০৫ইং)। পানি সম্পদ মন্ত্রণালয় হতে নীতিমালাটি পরীক্ষা নিরীক্ষা করে গেজেটে প্রকাশের জন্য আইন মন্ত্রণালয়ে প্রেরণ করা হয় (স্মারক নং-পাসম-১(প্রঃ)/বিবিধ-৯/২০০৫/৫৯৮ তারিখ ১৩/০৭/২০০৫ইং)। আইন মন্ত্রণালয় ওয়ারপো'র সকল শ্রেণীর কর্মকর্তা ও কর্মচারীদের চাকুরীতে নিয়োগ, পদোন্নতি ও ছুটিসহ সকল

বিষয় পানি সম্পদ পরিকল্পনা আইন ১৯৯২ এর অধীন প্রণীত "পানি সম্পদ পরিকল্পনা সংস্থা (কর্মকর্তা ও কর্মচারী) চাকুরী বিধিমালা ১৯৯৫" দ্বারা নিয়ন্ত্রিত মর্মে মতামত দিয়েছেন (সংযুক্তি-৩, পৃষ্ঠা ১৩-১৪)। কিন্তু পানি সম্পদ পরিকল্পনা সংস্থার প্রবিধানমালা ১৯৯৫ তে নিয়োগ, পদোন্নতি, যোগ্যতা ইত্যাদি কথা উল্লেখ থাকলেও পদোন্নতির ক্ষেত্রে বিবেচনার জন্য বিস্তারিত নির্দেশনা নাই। এমতাবস্থায় পানি সম্পদ পরিকল্পনা সংস্থার প্রথম ও দ্বিতীয় শ্রেণীর পদে পদোন্নতির জন্য ওয়ারপো প্রবিধানমালা ও তফসীল অনুসরণ করে প্রণীত পদোন্নতি নির্দেশনা সদয় অনুমোদনের জন্য ৫ম বোর্ড সভায় উপস্থাপন করা হয়। বোর্ড পদোন্নতি নির্দেশনাটি পর্যালোচনান্তে একটি প্রতিবেদন প্রদানের জন্য সদস্য (কৃষি, পানি সম্পদ ও পল্লী প্রতিষ্ঠান বিভাগ), পরিকল্পনা কমিশন-ক আহবায়ক করে তিন সদস্যবিশিষ্ট একটি কমিটি গঠন করে। বোর্ডের পরবর্তী সভায় কমিটির প্রতিবেদনের ভিত্তিতে পদোন্নতি নির্দেশনাটি অনুমোদনের জন্য উপস্থাপন করার সিদ্ধান্ত গ্রহণ করা হয়।

সে মোতাবেক পদোন্নতির নির্দেশনা পর্যালোচনা কমিটির একটি সভা গত ১২-০৪-২০০৬ইং তারিখে জনাব আলী ইমাম মজুমদার, সদস্য (কৃষি, পানি সম্পদ ও পল্লী প্রতিষ্ঠান বিভাগ) মহোদয়ের সভাপতিত্বে অনুষ্ঠিত হয় (কার্যবিবরণী সংযুক্ত, সংযুক্তি-৪, পৃষ্ঠা ১৫-১৬)।

সভায় আইন মন্ত্রণালয়ের মতামত এবং ওয়ারপো'র প্রণীত নির্দেশনাটি পুঙ্খানুপুঙ্খরূপে পর্যালোচনা করে নিম্নোক্ত সিদ্ধান্ত গ্রহণ করা হয় ঃ

১। নির্দেশনা বিষয়গুলো প্রবিধানে অন্তর্ভূক্ত করতে হবে। ওয়ারপো এ বিষয়ে প্রবিধান সংশোধনের ব্যবস্থা গ্রহণ করবে।

২। নির্দেশনার স্বাস্থ্য বিষয়ক "জ" অনুচ্ছেদ বাদ দিয়ে নির্দেশনাটি সংশোধন করতে হবে।

৩। পরিচালনা বোর্ডের অনুমোদনক্রমে পানি সম্পদ পরিকল্পনা সংস্থা'র প্রথম ও দ্বিতীয় শ্রেণীর পদে পদোন্নতির নির্দেশনাটি (সংশোধিত খসড়া) পদোন্নতি কমিটির গাইড লাইন হিসাবে সাময়িকভাবে অনুসরণ করা যেতে পারে।

কমিটির ২নং সিদ্ধান্তের প্রেক্ষিতে খসড়া নির্দেশনাটি সংশোধন করে সংশোধিত খসড়া প্রণয়ন করা হয়েছে।

৫ম বোর্ড সভার (৬.২.২) সিদ্ধান্তের প্রেক্ষিতে পদোন্নতি নির্দেশনা পর্যালোচনা কমিটির সুপারিশের আলোকে সংশোধনপূর্বক খসড়া পদোন্নতি নির্দেশনাটি সদয় অনুমোদনের জন্য বোর্ড সভায় উপস্থাপন করা হলো (সংযুক্তি-৫, পৃষ্ঠা ১৭-১৯ )।

কাঙ্খিত সিদ্ধান্ত ঃ

১। পদোন্নতি নির্দেশনার বিষয়গুলো প্রবিধানে অন্তর্ভূক্ত করে ওয়ারপো প্রবিধান সংশোধনের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবে।

২। পানি সম্পদ পরিকল্পনা সংস্থার প্রথম ও দ্বিতীয় শ্রেণীর পদে পদোন্নতির নির্দেশনাটি সাময়িকভাবে পদোন্নতি কমিটির গাইড লাইন হিসাবে অনুসরণ করার জন্য অনুমতি প্রদান।

৫। আলোচ্য বিষয়-৪ ঃ ওয়ারপো'র মহাপরিচালক-কে আর্থিক ক্ষমতা অর্পন

**পূর্তকাজ সম্পাদন/পণ্য ক্রয়/পরামর্শক সেবা গ্রহণ সংক্রান্ত চুক্তি অনুমোদন/সম্পাদন ইত্যাদি বিষয়ে ওয়ারপোর মহাপরিচালককে আর্থিক ক্ষমতা প্রদান।**

ওয়ারপোর কার্যক্রম পরিচালনার জন্য বিভিন্ন ধরনের পূর্তকাজ/পণ্য/মালামাল/যন্ত্রপাতি/সরঞ্জামাদি ক্রয় এবং পরামর্শক সেবা (কনসালটেন্সি সার্ভিসেস) গ্রহনের প্রয়োজনীয়তা দেখা দেয়। অর্থ মন্ত্রণালয়ের

আর্থিক ক্ষমতা প্রদান সংক্রান্ত পরিপত্র নং অম/অবি/উঃবাঃ-১/বিবিধ-৭৬/০২/৬৮২ তারিখ ১১/০৯/২০০৪ এ জারীকৃত পরিপত্র অনুযায়ী গণখাতে কর্পোরেশন/স্বায়ত্ত্বশাসিত/আধা-সায়ত্বশাসিত সংস্থাকে (সংযুক্তি-৬, পৃষ্ঠা ২০-২২) অনুযায়ী আর্থিক ক্ষমতা প্রদান করা হয়েছে।

ওয়ারপোর জন্য কোন বোর্ড অব ডাইরেক্টরস নাই, এটি একটি পরিচালনা বোর্ড দ্বারা পরিচালিত। পানি সম্পদ আইন, ১৯৯২ (৪) ধারা মোতাবেক পরিচালনা বোর্ডের কার্যপরিধি নিম্নরূপ ঃ

সাধারণ পরিচালনা ঃ "সংস্থার সাধারণ পরিচালনা ও প্রশাসন একটি পরিচালনা বোর্ডের উপর ন্যাস্ত থাকিবে এবং সংস্থা যে সকল ক্ষমতা প্রয়োগ ও কার্য সম্পাদন করিতে পারিবে পরিচালনা বোর্ড সেই সকল ক্ষমতা প্রয়োগ ও কার্য সম্পাদন করিবে।"

পানি সম্পদ পরিকল্পনা আইন, ১৯৯২ এর ধারা ৮(৪) এ বর্ণিত হয়েছে "মহাপরিচালক সংস্থার প্রধান নির্বাহী হইবেন এবং তিনি সংস্থার প্রশাসন পরিচালনা করিবেন।" উক্ত আইনের ধারা ১৮ এ "ক্ষমতা" অর্পন বিষয়ে বলা হয়েছে "ক্ষমতা অর্পন - সংস্থা উহার যে কোন ক্ষমতা বা দায়িত্ব সুনির্দিষ্ট শর্তে মহাপরিচালক, পরিচালক বা সংস্থার অন্য কোন কর্মকর্তাকে অর্পণ করিতে পারিবে।"

ইহা ব্যতীত PPR-2003 মোতাবেক সংস্থা প্রধান "Head of Procurement Entity" হিসেবে বিবেচিত বিধায় আর্থিক ক্ষমতা অর্পণের প্রয়োজনীয়তা আছে।

পূর্ত কাজ/পণ্য ক্রয়/পরামর্শক সেবা গ্রহণ ইত্যাদি সম্পর্কিত প্রতিটি ক্ষেত্রে পরিচালনা বোর্ডের অনুমোদন নেয়া বাস্তব সম্মত নয়। কেননা পরিচালনা বোর্ড এর সভা সাধারণতঃ প্রতি ৪ মাসে একবার অনুষ্ঠিত হয়। অতএব ১৯৯২ এর ১২ নং আইনের ১৮ ধারা মোতাবেক পরিচালনা বোর্ড উহার আর্থিক ক্ষমতা মহাপরিচালক-কে অর্পন করতে পারেন।

কাঙ্খিত সিদ্ধান্তঃ

১। ১৯৯২ সালের ১২ নং আইনের ১৮ ধারা মোতাবেক পূর্ত কাজ/পণ্য ক্রয়/পরামর্শক সেবা গ্রহণ ইত্যাদি সম্পর্কিত প্রতিটি ক্ষেত্রে মহাপরিচালক-কে ক্ষমতা অর্পন।

২। পরবর্তিতে ওয়ারপো অন্যান্য কর্মকর্তাদের জন্য delegation of financial power প্রণয়ন করে বোর্ডের অনুমোদনের জন্য পেশ করবে।

৬। **আলোচ্য বিষয়-৫ ঃ ওয়ারপো'র তহবিল বিধিমালা অনুমোদন**

৪র্থ বোর্ড সভার ৫.৪ সিদ্ধান্ত ও ৫ম বোর্ড সভার ৪.২ সিদ্ধান্তের প্রেক্ষিতে খসড়া তহবিল বিধিমালা প্রণয়ন করা হয়েছে। বিধিমালাটি সদয় বিবেচনা ও অনুমোদনের জন্য পেশ করা হল (সংযুক্তি-৭, পৃষ্ঠা ২৩-২৬)।

**কাঙ্খিত সিদ্ধান্ত ঃ ওয়ারপো'র খসড়া তহবিল বিধিমালা অনুমোদন।**

৭। **আলোচ্য বিষয়-৬ ঃ Clearing House Role of WARPO এর অনুমোদন**

জাতীয় পানি নীতি অনুসারে পানি সম্পদ পরিকল্পনা সংস্থা (ওয়ারপো) পানি সংশ্লিষ্ট বিভিন্ন সংস্থা কর্তৃক চিহ্নিত পানি বিষয়ক প্রকল্পের "ক্লিয়ারিং হাউজ রোল" এবং জাতীয় পানি ব্যবস্থাপনা

পরিকল্পনা (এনডব্লিউএমপি) এর সাথে ঐ সকল প্রকল্পের সামঞ্জস্যতা সম্পর্কে জাতীয় পানি সম্পদ পরিচালনা পরিষদের কার্য নির্বাহী কমিটিকে অবহিত করার দায়িত্ব পালন করবে (NWPo, §5.00d(v)).

জাতীয় পানি ব্যবস্থাপনা পরিকল্পনা অনুসারে প্রণীত কর্মপরিকল্পনায় "ক্লিয়ারিং হাউজ রোল" বাস্তবায়নে পানি সম্পদ পরিকল্পনা সংস্থার (ওয়ারপোর) প্রধান কর্মকান্ড হিসেবে চিহ্নিত করা হয়েছে (Main Vol, Page 172, Table 12.1, NWMP)

এ বিষয়ে **"Clearing House Role of WARPO"** বিষয়ক একটি ডকুমেন্ট প্রণয়ন করা হয়।

ওয়ারপো'র ৪র্থ ও ৫ম বোর্ড সভায় "ক্লিয়ারিং হাউজ" হিসেবে ওয়ারপো'র দায়িত্ব পালনের বিষয়টি আলোচিত হয়। ৪র্থ বোর্ড সভার ৭.২(২) সিদ্ধান্ত মোতাবেক ওয়ারপো'র ক্লিয়ারিং হাউজ রোল সম্পর্কিত প্রস্তাবটি ওয়ারপো এর টেকনিক্যাল কমিটিতে বিগত ২০-১১-২০০৫ইং তারিখের সভায় আলোচিত হয় (কার্যবিবরণী সংযুক্ত, সংযুক্তি ৯, পৃষ্ঠা ৩৩-৩৫)। টেকনিক্যাল কমিটির সুপারিশক্রমে "ক্লিয়ারিং হাউজ" এর পূর্ণাঙ্গ প্রস্তাব ডকুমেন্টে ৩২টি সংস্থা ও মন্ত্রণালয়ের কাছে মতামতের জন্য প্রেরণ করা হয়। তাছাড়াও বিগত ১৯-১২-২০০৫ইং তারিখে উপস্থিত পানি সম্পদ স্বার্থ সংশ্লিষ্ট সংস্থা/মন্ত্রণালয় প্রতিনিধিদের সাথে এ ডকুমেন্টের উপর মতবিনিময় সভা অনুষ্ঠিত হয়। উক্ত মতবিনিময় সভায় ১৫ জন প্রতিনিধি যোগদান করেন (কার্যবিবরণী সংযুক্ত, সংযুক্তি ১০,পৃষ্ঠা ৩৬-৪১)।

বিভিন্ন সংস্থার মতামত ও এ বিষয়ে ওয়ারপো'র response/গৃহীত ব্যবস্থা মেট্রিক্স আকারে প্রণয়ন করা হয়েছে। কমিটির সুপারিশ ও বিভিন্ন সংস্থার মতামতের ভিত্তিতে অক্টোবর, ২০০৫ এ প্রণীত Clearing House Role of WARPO ডকুমেন্টটি জানুয়ারী ২০০৬ এ সংশোধন/হালনাগাদ করা হয় (কপি সংযুক্ত, সংযুক্তি ১১, পৃষ্ঠা ৪২-৫৬)।

**কাঙ্খিত সিদ্ধান্ত ঃ Clearing House Role of WARPO এর অনুমোদন ।**

৮। **আলোচ্য বিষয় - ৭ ঃ ওয়ারপো'র প্রাতিষ্ঠানিক উন্নয়ন পরিকল্পনা (Organizational Development Plan, ODP) অনুমোদন**

১৯৯১ সনে ওয়ারপো প্রতিষ্ঠিত হওয়ার পর ১৯৯২ সালের ১২নং আইনের আওতায় ওয়ারপো উহার নিজ দায়িত্ব পালন (Mandate অনুযায়ী) করে আসছে। পরবর্তীতে ১৯৯৯ সনে জাতীয় পানি নীতি (এনডব্লিউপি) ও ২০04 সনে জাতীয় পানি ব্যবস্থাপনা পরিকল্পনা (এনডব্লিউএমপি) অনুমোদনপূর্বক বাংলাদেশ সরকার ওয়ারপোকে অতিরিক্ত গুরুত্বপূর্ণ দায়িত্ব অর্পন করে। ওয়ারপো'র উপর অর্পিত দায়িত্ব সুষ্ঠুভাবে পালনের জন্য একটি খসড়া প্রাতিষ্ঠানিক উন্নয়ন পরিকল্পনা (Draft Organizational Development Plan, ODP) প্রণয়ন করা হয়েছে। ওয়ারপো, GoB-GoN টুইনিং মিশনের সহযোগিতায় ODP প্রণয়ন করে (সংযুক্তি-৮, পৃষ্ঠা ২৭-৩২)।

প্রণীত Organizational Development Plan (ODP) এ সাতটি অংশ অন্তর্ভূক্ত আছে। যথা - (১) Human Resources Development (HRD), (২) Clearing House Role, (৩) Macro Planning, (৪) Information & Database Support System (IDSS), (৫) Secretariat to NWRC & ECNWRC, (৬) Project Coordination Unit (PCU) এবং (৭) Monitoring & Evaluation।

ওয়ারপো ফেব্রুয়ারি, ২০০৫ইং তারিখে খসড়া Organizational Development Plan (ODP) প্রণয়ন করে। উক্ত ODP টি পর্যালোচনার জন্য পানি সম্পদ মন্ত্রণালয়ের তদানিন্তন অতিরিক্ত সচিব জনাব সৈয়দ মোহাম্মদ জোবায়ের এর নেতৃত্বে একটি আন্তঃমন্ত্রণালয় কমিটি গঠন করা হয়। কমিটির সিদ্ধান্তের আলোকে ODP টি সংশোধন করা হয়েছে। খসড়া ODP টি ৫ম বোর্ড সভায় উপস্থাপিত ও আলোচিত হয়েছে। উক্ত সভার সিদ্ধান্তের প্রেক্ষিতে হালনাগাদ করে বিবেচনা ও অনুমোদনের লক্ষ্যে পূনরায় ৬ষ্ঠ বোর্ড সভায় উপস্থাপন করা হল।

ODP অনুমোদিত হলে সংশ্লিষ্ট এনেক্স-"এ" বর্ণিত বিস্তারিত (Indicative) পরিকল্পনা বাজেট ও লোকবল ইত্যাদি বিষয়ে সংশ্লিষ্ট মন্ত্রণালয়ের অনুমোদনের জন্য পেশ করা হবে।

কাঙ্খিত সিদ্ধান্ত ঃ

১। খসড়া ODP অনুমোদন।

২। ODP অনুসরণে ওয়ারপো কর্মপরিকল্পনা (ওয়ার্ক প্ল্যান), বাজেট, লোকবল ইত্যাদি বিষয়ে পূর্ণাঙ্গ প্রস্তাবনা প্রণয়ন করে সংশ্লিষ্ট মন্ত্রণালয়ের অনুমোদনের জন্য প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবে।

৯। আলোচ্য বিষয় - ৮ ঃ বিবিধ

**(ক) পানি সম্পদ পরিকল্পনা সংস্থার কারিগরী কমিটি এবং পরিচালনা বোর্ড কর্তৃক গঠিত সকল কমিটির সম্মানীত সদস্যগণের জন্য সম্মানী ভাতা প্রদান প্রসঙ্গে**

পানি সম্পদ পরিকল্পনা আইনের ধারা ১১ এর উপধারা ২, ৩ ও ৪ অনুযায়ী অনধিক ৫(পাঁচ) সদস্যবিশিষ্ট কারিগরী কমিটি গঠন করা হয়। কমিটি নিম্নরূপঃ

| | | |
|---|---|---|
| (১) | সদস্য (কৃষি), পরিকল্পনা কমিশন ও ভাইস চেয়ারম্যান, ওয়ারপো পরিচালনা বোর্ড | চেয়ারম্যান |
| (২) | সদস্য(পরিকল্পনা), বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড | সদস্য |
| (৩) | নির্বাহী সহ-সভাপতি, কৃষি গবেষণা কাউন্সিল | সদস্য |
| (৪) | সদস্য, যৌথ নদী কমিশন, বাংলাদেশ | সদস্য |
| (৫) | মহাপরিচালক, পানি সম্পদ পরিকল্পনা সংস্থা | সদস্য-সচিব |

এছাড়াও পানি সম্পদ পরিকল্পনা সংস্থার বিভিন্ন গুরুত্বপূর্ণ কার্যসম্পাদনের জন্য পরিচালনা বোর্ড কর্তৃক বিভিন্ন ধরণের কমিটি গঠন করা হয়। সংস্থার কারিগরী কমিটি এবং পরিচালনা বোর্ড কর্তৃক গঠিত কমিটির সকল সদস্যকে সংস্থার পরিচালনা বোর্ডের সদস্যগণের ন্যায় ১৫০০/- (এক হাজার পাঁচশত) টাকা প্রতি সভায় উপস্থিতির জন্য সম্মানী প্রদানের প্রস্তাব করা হল।

**কাঙ্খিত সিদ্ধান্তঃ সংস্থার কারিগরী কমিটি এবং পরিচালনা বোর্ড কর্তৃক গঠিত কমিটির সদস্যগণের প্রতি সভায় উপস্থিতির জন্য ১৫০০/- টাকা হারে সম্মানী ভাতা প্রদানের অনুমোদন।**

৮ (খ) "ভারত কর্তৃক প্রস্তাবিত আন্তঃবেসিন নদী সংযোগের প্রভাব নিরুপন" শীর্ষক সমীক্ষা প্রকল্প বাস্তবায়নে পরামর্শক নিয়োগ **"Single Source Selection (SSS)-PPR 2003"** পদ্ধতি অনুসরণ

"ভারত কর্তৃক প্রস্তাবিত আন্তঃবেসিন নদী সংযোগের প্রভাব নিরুপন" শীর্ষক সমীক্ষা প্রকল্পটি বিগত ২৭/১২/০৬ তারিখে মাননীয় অর্থ ও পরিকল্পনা মন্ত্রী কর্তৃক অনুমোদিত হয়। প্রকল্পটির অনুমোদিত বাস্তবায়ন মেয়াদকাল জানুয়ারী, ২০০৬ থেকে জুন, ২০০৭ পর্যন্ত। সমীক্ষা প্রকল্পটি দুইটি কম্পোনেন্ট যথা "Water Resources Support/ Mathematical Modelling" এবং "Environmental Support" এ বিভক্ত। কম্পোনেন্ট দুটো "Panel of Expert/ Individual Consultant এর পরামর্শক পরিসেবা দ্বারা সমন্বয় করা হবে।

সমীক্ষা প্রকল্পের "Water Resources Support" প্রধানত গাণিতিক মডেল নির্ভর একটি সমীক্ষা কার্যক্রম এবং এই বিষয়ে পরামর্শক পরিসেবা স্থানীয়ভাবে দেশের অলাভজনক বিশেষজ্ঞ প্রতিষ্ঠান Institute of Water Modelling হতে সংগ্রহ করা যেতে পারে। সমীক্ষা প্রকল্পের "Environmental Support" কম্পোনেন্ট এর সাহায্যে প্রস্তাবিত আন্তঃবেসিন নদী সংযোগের আর্থ-সামাজিক ও পরিবেশগত প্রক্রিয়া নিরূপন করা হবে। সিইজিআইএস দেশে স্থানীয়ভাবে আর্থ-সামাজিক উন্নয়নের লক্ষ্যে পরিবেশগত প্রতিক্রিয়া নিরূপন, জিআইএস, দূর অনুধাবন এবং তথ্য প্রযুক্তির সাহায্যে সকল প্রাকৃতিক সম্পদের ব্যবস্থাপনায় পরামর্শক পরিসেবা প্রদানের একমাত্র অলাভজনক বিশেষজ্ঞ প্রতিষ্ঠান। সমীক্ষা প্রকল্পের "Environmental Support" কম্পোনেন্ট পরামর্শক পরিসেবা সিইজিআইএস হতে সংগ্রহ করা যেতে পারে। অনুমোদিত পিসি-২তে "Water Resources Support", "Environmental Support" এবং "Panel of Expert" প্যাকেজ পরামর্শক পরিসেবায় যথাক্রমে ১২১.৪৯ লক্ষ টাকা, ৮৪.৯৭ লক্ষ টাকা ও ১৭.৪ লক্ষ টাকা সংস্থান আছে।

সমীক্ষা প্রকল্পটি সংরক্ষিত/গোপনীয় শ্রেণীভূক্ত এবং সংশ্লিষ্ট সকল কর্মকান্ডই স্পর্শকাতর বিধায় বিশেষ পরামর্শক প্রতিষ্ঠান নিয়োগের মাধ্যমে এর গোপনীয়তা রক্ষা করা প্রয়োজন। পরিকল্পনা কমিশনের প্রি-একনেক সভায়ও এ বিষয়ে আলোচনা হয় (সংযুক্তি-১৩, পৃষ্ঠা ৫৯-৬৩)। আইডব্লিউএম ও সিইজিআইএস উভয় প্রতিষ্ঠান বাংলাদেশ সরকার কর্তৃক প্রতিষ্ঠিত, পানি সম্পদ মন্ত্রণালয়ের অধীন সরকারী ট্রাষ্ট, এ প্রসংগে আইডব্লিউএম ও সিইজিআইএস এর পরামর্শক পরিসেবা গ্রহণের জন্য পানি সম্পদ মন্ত্রণালয়ের পত্র সংযুক্ত করা হলো (সংযুক্তি-১৪, পৃষ্ঠা ৬৪)। গোপনীয়তা রক্ষা ও সমীক্ষার স্বার্থে আইডব্লিউএম ও সিইজিআইএস কে নিয়োগ দেওয়া যেতে পারে। "Panel of Expert" প্যাকেজ এর পরামর্শক সেবার জন্য অনুমোদিত পিসি-২ অনুযায়ী BUET, BIDS, BUP, BELA, IUCN ইত্যাদি প্রতিষ্ঠান থেকে বিশেষজ্ঞ সংগ্রহীত হতে পারে।

বিগত ০১/০২/২০০৬ ইং তারিখে উল্লেখিত পরামর্শক পরিসেবা গ্রহণে "Single Source Selection" পদ্ধতি অনুসরণে নিয়োগের অনুমোদনের জন্য পানি সম্পদ মন্ত্রণালয়ে পত্র প্রেরণ করা হয়। এ প্রসংগে তিনটি পরামর্শক প্যাকেজ এর কোনটিও মূল্য ২ (দুই) কোটি টাকার অধিক না হওয়ায় এবং অর্থ বিভাগের পরিপত্র ও Public Procurement Regulation (PPR), 2003 এর Regulation 47(3) অনুযায়ী প্যাকেজ পরামর্শক পরিসেবা অনুমোদনের ক্ষমতা সংস্থা প্রধানের হওয়ায় পানি সম্পদ মন্ত্রণালয় প্রস্তাবটি মন্ত্রণালয়ের অনুমোদনের প্রয়োজন নাই বলে উল্লেখ করেন (সংযুক্তি-১৫, পৃষ্ঠা ৬৫)। সংস্থা প্রধানের আর্থিক ক্ষমতা অর্পনের বিষয় এ সভায় আলোচ্যসূচীতে অন্তর্ভূক্ত করা হয়েছে।

উপরে বর্ণিত অবস্থার পরিপ্রেক্ষিতে এবং পরামর্শক নিয়োগ বিষয়ে Public Procurement Regulation (PPR), 2003 এর Regulation 47(3)(c) (ii) & (iv) (সংযুক্তি-১৬, পৃষ্ঠা ৬৬-৬৮) অনুচ্ছেদ অনুযায়ী "Water Resources Support" এবং "Environmental Support" কম্পোনেন্টভূক্ত কর্মকান্ডের পরামর্শক পরিসেবার জন্য যথাক্রমে আইডব্লিউএম ও সিইজিআইএস কে এবং "Panel of Expert" এর আওতায় "Individual Expert" সমূহ BUET, BIDS, BUP, BELA, IUCN ইত্যাদি প্রতিষ্ঠান থেকে "Single Source Selection" পদ্ধতিতে নিয়োগের প্রস্তাব করা হল।

কাঙ্খিত সিদ্ধান্ত ঃ

**"ভারত কর্তৃক প্রস্তাবিত আন্তঃবেসিন নদী সংযোগের প্রভাব নিরুপন"** শীর্ষক সমীক্ষা প্রকল্প বাস্তবায়নে পরামর্শক নিয়োগ আইডব্লিউএম ও সিইজিআইএস কে এবং "Panel Expert" এর আওতায় "Individual Expert" সমূহ BUET, BIDS, BUP, BELA, IUCN ইত্যাদি প্রতিষ্ঠান থেকে "Single Source Selection (SSS)-PPR ২০০৩" পদ্ধতিতে নিয়োগের প্রস্তাব অনুমোদন।

# পানি সম্পদ পরিকল্পনা সংস্থার পরিচালনা বোর্ডের ৫ম সভার কার্যবিবরণী

পানি সম্পদ পরিকল্পনা সংস্থার পরিচালনা বোর্ডের ৫ম সভা গত ২১-১১-২০০৫ তারিখ সকাল ১১:০০ ঘটিকায় পানি সম্পদ পরিকল্পনা সংস্থা (ওয়ারপো) এর সভাকক্ষে অনুষ্ঠিত হয়। পানি সম্পদ মন্ত্রণালয়ের মন্ত্রী ও পানি সম্পদ পরিকল্পনা সংস্থার পরিচালনা বোর্ডের চেয়ারম্যান জনাব হাফিজ উদ্দিন আহমদ, বীর বিক্রম উক্ত সভায় সভাপতিত্ব করেন।

সভায় উপস্থিত সদস্যগণের তালিকা সংযুক্তি 'ক' তে দেখান হল।

২। সভার শুরুতে সভাপতি উপস্থিত সকল সদস্যকে শুভেচ্ছা জানিয়ে সভার কাজ আরম্ভ করেন। তিনি সদস্য-সচিব, পরিচালনা বোর্ডকে আলোচ্যসূচী অনুযায়ী কার্যপত্র উপস্থাপনের জন্য আহবান জানান। জনাব এইচ, এস, মোজাদ্দাদ ফারুক, মহাপরিচালক, ওয়ারপো ও সদস্য-সচিব সভার কার্যপত্র উপস্থাপন করেন।

৩। আলোচ্য বিষয় নং-১ ঃ পরিচালনা বোর্ডের ৪র্থ সভার কার্যবিবরণী অনুমোদন।

৩.১ বিগত ০২-০৭-২০০৫ তারিখে অনুষ্ঠিত পরিচালনা বোর্ডের ৪র্থ সভার কার্যবিবরণী অনুমোদনের জন্য বোর্ডের সদস্য-সচিব প্রস্তাব করলে সভাপতি উপস্থিত সদস্যবৃন্দকে এ প্রস্তাবের উপর মতামত প্রদানের আহবান জানান। উপস্থিত সদস্যবৃন্দ কার্যবিবরণীর উপর একমত প্রকাশ করেন।

৩.২ সিদ্ধান্ত ঃ

৪র্থ বোর্ড সভার কার্যবিবরণী অনুমোদিত।

৪। আলোচ্য বিষয় নং-২ ঃ পরিচালনা বোর্ডের ৪র্থ সভায় গৃহীত সিদ্ধান্তসমূহ বাস্তবায়ন প্রতিবেদন।

৪.১ বোর্ডের সদস্য-সচিব ৪র্থ বোর্ড সভার সিদ্ধান্ত ও তার বাস্তবায়ন প্রতিবেদন Power point-এ উপস্থাপন করেন। বোর্ডের সদস্যবৃন্দ ৪র্থ সভার সিদ্ধান্ত বাস্তবায়নে ওয়ারপোর ভূমিকা বিষয়ে সন্তোষ প্রকাশ করেন। অবাস্তবায়িত সিদ্ধান্ত বাস্তবায়নে দ্রুত ব্যবস্থা গ্রহণের জন্য ওয়ারপোকে অনুরোধ জানান হয়।

৪.২ সিদ্ধান্ত ঃ

৪র্থ সভার সিদ্ধান্ত ৫(২) অর্থাৎ পানি সম্পদ আইন ১৯৯২ (আইন নং ১২) এর ধারা ১২ অনুযায়ী ওয়ারপো প্রয়োজনীয় তহবিল বিধিমালা প্রণয়ন করে খসড়া পরবর্তী বোর্ড সভায় উপস্থাপন করবে।

৫। আলোচ্য বিষয় নং ৩ ঃ ওয়ারপোর কর্মকর্তা কর্মচারীদের জীবন বীমাকরণ সংক্রান্ত অনুমোদন।

৫.১ সদস্য-সচিবের উপস্থাপনার পর সভার সভাপতি পানি সম্পদ মন্ত্রী, জীবন বীমার প্রিমিয়ামের টাকার উৎস ও মন্ত্রণালয়ের অন্যান্য সদস্য সংস্থার প্রচলিত ব্যবস্থা সমন্ধে জানতে চান। সদস্য-সচিব সভাকে জানান যে প্রিমিয়ামের টাকার একাংশ কর্মকর্তা/কর্মচারীদের প্রদেয় চাঁদা হতে এবং অবশিষ্টাংশ সংস্থার সংস্থাপন বাজেট থেকে পরিশোধ করার বিধান বাপাউবো, আরআরআই ও জেআরসি-তে চালু আছে। তবে ওয়ারপো একটি নতুন সংস্থা হওয়ায় এ বিষয়ে সিদ্ধান্ত ও অনুমোদনের প্রয়োজন বলে তিনি উল্লেখ করেন। এ পর্যায়ে জনাব আলী ইমাম মজুমদার সদস্য, কৃষি, পানি সম্পদ ও পল্লী প্রতিষ্ঠান, পরিকল্পনা কমিশন, সভাকে অবহিত করেন যে সংস্থাপন বাজেট হতে জীবন বীমার প্রিমিয়াম পরিশোধের বিষয়ে

মন্ত্রণালয়ের অনুমোদন প্রয়োজন হবে। ওয়ারপো এ বিষয়ে প্রশাসনিক মন্ত্রণালয়ের মাধ্যমে আবেদন করতে পারে।

৫.২ সিদ্ধান্ত ঃ

কর্মকর্তা ও কর্মচারীদের জীবন বীমার প্রিমিয়াম পরিশোধের জন্য প্রয়োজনীয় অর্থ সংস্থাপন বাজেট হতে পরিশোধ সংক্রান্ত বিষয়ে ওয়ারপো পানি সম্পদ মন্ত্রণালয়ের মাধ্যমে অর্থ মন্ত্রণালয়কে অনুরোধ করবে।

৬। আলোচ্য বিষয় নং ৪ ঃ ওয়ারপোর ১ম ও ২য় শ্রেণীর কর্মকর্তাগণের পদোন্নতির নির্দেশনা অনুমোদন।

৬.১ সদস্য-সচিব সভাকে জানান যে ওয়ারপোর কর্মকর্তাগণের পদোন্নতির বিষয়ে একটি খসড়া নীতিমালা প্রস্তুত করে অনুমোদনের জন্য পানি সম্পদ মন্ত্রণালয়ের মাধ্যমে আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়ে প্রেরণ করা হয়েছে। আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয় বিষয়টি "পানি সম্পদ পরিকল্পনা সংস্থা (কর্মকর্তা ও কর্মচারী) চাকুরী বিধিমালা ১৯৯৫" দ্বারা নিয়ন্ত্রিত মর্মে মতামত দিয়েছে।

খসড়া নীতিমালার উপর আলোচনায় অংশগ্রহণ করে জনাব কাজী আবুল কাশেম, সচিব, কৃষি মন্ত্রণালয় অভিমত ব্যক্ত করেন যে ওয়ারপোর প্রবিধান অনুসরণে পদোন্নতির ব্যবস্থা নেয়া যায়। পদোন্নতির জন্য বিধিমালা (১৯৯৫) এর অতিরিক্ত বিষয়াদি যেমন বার্ষিক কার্যসম্পাদন প্রতিবেদনে প্রাপ্ত নূন্যতম নম্বর সহ অন্যান্য নীতিমালা প্রয়োজনে প্রণয়ন করা যেতে পারে। তিনি মত প্রকাশ করেন যে খসড়া নীতিমালা একটি কমিটির মাধ্যমে পর্যালোচনা করা যেতে পারে। নীতিমালাটি পর্যালোচনার পর বোর্ড অনুমোদন দিতে পারে।

৬.২ সিদ্ধান্ত ঃ

(১) ওয়ারপোর ১ম ও ২য় শ্রেণীর কর্মকর্তাগণের পদোন্নতির নীতিমালা পর্যালোচনা ও মতামত প্রদানের জন্য নিম্নবর্ণিত সদস্যবৃন্দ সমন্বয়ে একটি কমিটি গঠন করা হয় ঃ

(ক) জনাব আলী ইমাম মজুমদার, সদস্য, কৃষি, পানি সম্পদ ও পল্লী প্রতিষ্ঠান বিভাগ - আহবায়ক
(খ) যুগ্ম সচিব (প্রশাসন), স্থানীয় সরকার বিভাগ, স্থানীয় সরকার পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয় - সদস্য
(গ) মহাপরিচালক, পানি সম্পদ পরিকল্পনা সংস্থা - সদস্য-সচিব

(২) বোর্ডের পরবর্তী সভায় কমিটির প্রতিবেদনের ভিত্তিতে পদোন্নতির নীতিমালা অনুমোদনের জন্য উপস্থাপন করা হবে।

৭। আলোচ্য বিষয় নং ৫-বিবিধঃ ওয়ারপো'র Organizational Development Plan (ODP) অনুমোদন।

৭.১ সভাপতির অনুমতিক্রমে সদস্য-সচিব সংক্ষেপে ওয়ারপোর প্রাতিষ্ঠানিক উন্নয়ন পরিকল্পনা (ওডিপি) উপস্থাপন করেন। তিনি জানান যে ডাচ-বাংলাদেশ টুইনিং কর্মসূচীর আওতায় ওয়ারপোর প্রাতিষ্ঠানিক উন্নয়নের লক্ষ্যে এই ওডিপি প্রস্তুত করা হয়েছে।

তিনি ওডিপিতে ওয়ারপোর নিম্নরূপ সাতটি প্রধান ভূমিকা ও তার কার্যপ্রক্রিয়া সম্পর্কে আলোচনা করেন, যথা (১) Human Resources Development (২) Clearing House Role, (৩) Macro Planning, (৪) Information & Database Support System, (৫) Secretariat to NWRC & ECNWRC, (৬) Project Co-ordination Unit (PCU) এবং (৭) Monitoring & Evaluation.

উপস্থাপনা শেষে সভাপতি ওয়ারপোর "ক্লিয়ারিং হাউজ" হিসাবে কার্যসম্পাদনের বিষয়টি কোন পর্যায়ে আছে তা জানতে চান। এ পর্যায়ে সদস্য কৃষি, পানি সম্পদ ও পল্লী প্রতিষ্ঠান, পরিকল্পনা কমিশন, সভাকে জানান যে বিষয়টি গত ২০/১১/২০০৫ তারিখে তাঁর সভাপতিত্বে অনুষ্ঠিত ওয়ারপোর টেকনিক্যাল কমিটিতে আলোচিত হয়েছে। বিষয়টিতে যেহেতু পানি সম্পদ সেক্টর সম্পর্কিত অন্যান্য Stakeholder এর কর্মসম্পর্ক আছে সেহেতু তাদের মতামত গ্রহণ করা প্রয়োজন। ওয়ারপো কর্তৃক প্রস্তুতকৃত এ সংক্রান্ত রিপোর্টটি সম্পর্কে সংশ্লিষ্ট Stakeholderদের নিকট হতে মতামত গ্রহণের জন্য কমিটির সিদ্ধান্ত গৃহীত হয়েছে।

জনাব কাজী আবুল কাশেম, সচিব, কৃষি মন্ত্রণালয় আলোচনায় অংশগ্রহণ করে অভিমত প্রকাশ করেন যে "ক্লিয়ারিং হাউজ" এর জন্য প্রয়োজনীয় বিশেষজ্ঞ জনবল নিয়োগের প্রস্তাব পরীক্ষা করে নীতিগতভাবে অনুমোদন করা যায়। তিনি উল্লেখ করেন এর ফলে সংস্থার সংস্থাপন ব্যয় বৃদ্ধি পাবে।

এই পর্যায়ে মহাপরিচালক, ওয়ারপো জানান যে দাতাগোষ্ঠী "ক্লিয়ারিং হাউজ" সহ পানি খাতে ওয়ারপোর নির্দ্ধারিত ভূমিকা বাস্তবায়নের জন্য জোর তাগিদ প্রদান করছে। এ লক্ষ্যে ইতোমধ্যে দক্ষিণ-পশ্চিম অঞ্চল সমন্বিত পানি সম্পদ ব্যবস্থাপনার আওতায় এশিয় উন্নয়ন ব্যাংক ওয়ারপোর প্রয়োজনীয় প্রাতিষ্ঠানিক উন্নয়নের প্রস্তাব দিয়েছে।

জনাব এস, এম জহরুল ইসলাম, সচিব, পানি সম্পদ মন্ত্রণালয় অভিমত প্রকাশ করেন যে Clearing House এর মত একটি গুরুত্বপূর্ণ বিষয় 'বিবিধ' আলোচ্যসূচীর মধ্যে না এনে পরবর্তী বোর্ড সভায় একটি পূর্ণাঙ্গ আলোচ্যসূচী হিসাবে উপস্থাপন করা যেতে পারে।

৭.২ সিদ্ধান্ত ঃ

(১) ওয়ারপোর ওডিপি এর বিষয়টি পরবর্তী বোর্ড সভায় একটি পূর্ণাঙ্গ আলোচ্যসূচী হিসাবে অন্তর্ভূক্ত করতে হবে।

(২) ওয়ারপোর কারিগরী কমিটির সুপারিশ মতে "ক্লিয়ারিং হাউজ" বিষয়ক রিপোর্টটির উপর সংশ্লিষ্ট সকল সংস্থার প্রদত্ত মতামত পরবর্তী বোর্ড সভায় আলোচনা হবে।

আর কোন আলোচ্য বিষয় না থাকায় সভাপতি সকলকে ধন্যবাদ জানিয়ে সভার কাজ সমাপ্ত করেন।

| | |
|---|---|
| (হোসাইন শহীদ মোজাদ্দাদ ফারুক)<br>মহাপরিচালক<br>ও<br>সদস্য-সচিব<br>পরিচালনা বোর্ড<br>পানি সম্পদ পরিকল্পনা সংস্থা | ২৩/২/০৫<br>(হাফিজ উদ্দিন আহমদ, বীর বিক্রম)<br>মন্ত্রী<br>ও<br>চেয়ারম্যান<br>পরিচালনা বোর্ড<br>পানি সম্পদ পরিকল্পনা সংস্থা |

স্মারক নং ঃ ওয়ারপো/ডব্লিউ-২২/২০০১/৮১৪ তারিখ ঃ ২০/১২/০৫

অনুলিপি সদয় অবগতির জন্য প্রেরণ করা হল ঃ

১। মাননীয় মন্ত্রী, পানি সম্পদ মন্ত্রণালয়, গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার ও চেয়ারম্যান, ওয়ারপো পরিচালনা বোর্ড।
২। সচিব, স্থানীয় সরকার বিভাগ, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার ও সদস্য, ওয়ারপো পরিচালনা বোর্ড।
৩। সদস্য (কৃষি), পরিকল্পনা কমিশন, গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার ও ভাইস-চেয়ারম্যান, ওয়ারপো পরিচালনা বোর্ড।
৪। সচিব, পানি সম্পদ মন্ত্রণালয়, গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার ও সদস্য, ওয়ারপো পরিচালনা বোর্ড।
৫। সচিব, কৃষি মন্ত্রণালয়, গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার ও সদস্য, ওয়ারপো পরিচালনা বোর্ড।
৬। সচিব, যোগাযোগ মন্ত্রণালয়, গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার ও সদস্য, ওয়ারপো পরিচালনা বোর্ড।
৭। সচিব, পরিকল্পনা মন্ত্রণালয়, গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার ও সদস্য, ওয়ারপো পরিচালনা বোর্ড।
৮। সচিব, বন ও পরিবেশ মন্ত্রণালয়, গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার ও সদস্য, ওয়ারপো পরিচালনা বোর্ড।
৯। সচিব, নৌ-পরিবহন মন্ত্রণালয়, গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার ও সদস্য, ওয়ারপো পরিচালনা বোর্ড।
১০। মহাপরিচালক, ওয়ারপো ও সদস্য-সচিব, ওয়ারপো পরিচালনা বোর্ড।

২০/১২/০৫

(মোঃ শাহজাহান)
সচিব

পানি সম্পদ পরিকল্পনা সংস্থার পরিচালনা বোর্ডের ৫ম সভায়
উপস্থিত সম্মানীত সদস্যগণের নামের তালিকা

সভার তারিখ : ২১-১১-২০০৫ইং  সময় : ১১:০০ ঘটিকা

স্থান : পানি সম্পদ পরিকল্পনা সংস্থার (ওয়ারপো) সম্মেলন কক্ষ
বাড়ী নং-১০৩, সড়ক নং-১, বনানী, ঢাকা-১২১৩।

সভাপতি : জনাব হাফিজ উদ্দিন আহমদ, বী.বি.
মাননীয় মন্ত্রী
পানি সম্পদ মন্ত্রণালয়

| ক্রমিক নং | নাম | পদবী | স্বাক্ষর |
|---|---|---|---|
| ১. | জনাব হাফিজ উদ্দিন আহমদ, বী.বি. | মাননীয় মন্ত্রী, পানি সম্পদ মন্ত্রণালয় | |
| ২. | জনাব আলা ইমাম মজুমদার | সদস্য (কৃষি), পরিকল্পনা কমিশন | |
| ৩. | জনাব এস.এম. জহরুল ইসলাম | সচিব, পানি সম্পদ মন্ত্রণালয় | |
| ৪. | জনাব কাজী আবুল কাশেম | সচিব, কৃষি মন্ত্রণালয় | |
| ৫. | জনাব এ.এইচ.এম. আবুল কাশেম | সচিব, স্থানীয় সরকার বিভাগ, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয় | |
| ৬. | জনাব আখতার হোসেন খান | সচিব, পরিকল্পনা মন্ত্রণালয় | |
| ৭. | জনাব রফিকুল ইসলাম | সচিব, নৌ-পরিবহন মন্ত্রণালয় | |
| ৮. | জনাব [illegible] আহমেদ চৌধুরী | সচিব, বন ও পরিবেশ মন্ত্রণালয় | |
| ৯. | জনাব মোঃ শফিকুল ইসলাম | সচিব, যোগাযোগ মন্ত্রণালয় | |
| ১০. | জনাব হোসাইন শহীদ মোজাদ্দাদ ফারুক | মহাপরিচালক, ওয়ারপো | |